



**2023/TDC(CBCS)/EVEN/SEM/
BNGHCC-202T/168**

TDC (CBCS) Even Semester Exam., 2023

BENGALI

(Honours)

(2nd Semester)

Course No. : BNGHCC-202T

(উনিশ শতকের বাংলা গদ্য ও নাটক)

পূর্ণমান : ৭০

উত্তীর্ণমান : ২৮

সময় : ৩ ঘণ্টা

পাঠ্যসূত্র সংখ্যা পূর্ণমান নির্দেশক

SECTION—A

যে কোনো দশটি প্রশ্নের উত্তর দাও :

২×১০=২০

- ১। বিদ্যাসাগর রচিত যে কোনো দুটি মৌলিক গ্রন্থের নাম লেখো।
- ২। কোন্ নাট্যকার ও কোন্ প্রাচীন কবির কাব্যে অবলম্বনে বিদ্যাসাগর 'সীতার বনবাস' রচনা করেন?
- ৩। বিদ্যাসাগরের ছদ্মনাম কী? এই ছদ্মনামে রচিত একটি গ্রন্থের নাম লেখো।



(2)

- ৪। 'বিবিধ প্রবন্ধ'-এর 'বঙ্গালার ইতিহাস' প্রবন্ধটি কোন্ পত্রিকায় প্রথম প্রকাশিত হয়েছিল? দেস্‌দিমোনা কোন্ নাটকের চরিত্র?
- ৫। 'বঙ্গদেশের কৃষক' প্রবন্ধটি কয়টি পরিচ্ছেদে বিভক্ত? যে কোনো একটি পরিচ্ছেদের নাম লেখো।
- ৬। মিরন্দার সঙ্গে শকুন্তলার যে কোনো দুটি সাদৃশ্য উল্লেখ করো।
- ৭। 'একেই কি বলে সভ্যতা?' প্রহসনটি কত খ্রিস্টাব্দে প্রথম প্রকাশিত হয়েছিল? এটি ছাড়া মধুসূদনের অন্য একটি প্রহসনের নাম লেখো।
- ৮। কালীনাথ কে? তাঁর বন্ধুর নাম কী ছিল?
- ৯। 'একেই কি বলে সভ্যতা?'য় উল্লিখিত দুজন বারান্দার নাম উল্লেখ করো।
- ১০। 'নীলদর্পণ' কত খ্রিস্টাব্দে প্রথম প্রকাশিত হয়? এই নাটকের ইংরেজি অনুবাদক কে?
- ১১। "ঘুটেকুড়ানীর ছেলে সদর নায়েব।" কে, কার সম্পর্কে এই কথা বলেছে?
- ১২। 'নীলদর্পণ' নাটকের দুজন নারীচরিত্রের নাম লেখো।

J23/480

(Continued)

(3)

- ১৩। রবীন্দ্রনাথ 'বিসর্জন' নাটকটি কাকে উৎসর্গ করেছেন? গোবিন্দমাণিক্য কোথাকার রাজা ছিলেন?
- ১৪। 'বিসর্জন' নাটকে মোট কয়টি অঙ্ক আছে? নাটকটি রবীন্দ্রনাথের কোন্ উপন্যাসের কাহিনি অবলম্বনে রচিত?
- ১৫। 'বিসর্জন' নাটকে গোবিন্দমাণিক্যের অনুজ ভ্রাতার নাম কী? নাটকটির মূল আখ্যানের সঙ্গে কোন্ মন্দিরের সম্পর্ক আছে?

SECTION—B

যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও :

১০×৫=৫০

- ১৬। অনুবাদ-গ্রন্থ হিসেবে 'সীতার বনবাস' গ্রন্থটির মৌলিকতার দিকগুলো আলোচনা করো।
- ১৭। "বিদ্যাসাগরের সীতা চরিত্রটি করুণরসের আকর।" মন্তব্যটি বিশ্লেষণ করো।
- ১৮। বঙ্কিমচন্দ্রের প্রবন্ধ অনুসরণে গীতিকাব্যের বৈশিষ্ট্যগুলি লিপিবদ্ধ করো।
- ১৯। "জীবের শত্রু জীব, মনুষ্যের শত্রু মনুষ্য, বাঙ্গালী কৃষকের শত্রু বাঙ্গালী ভূস্বামী।" 'বঙ্গদেশের কৃষক' প্রবন্ধ অবলম্বনে মন্তব্যটির সার্থকতা বিচার করো।

J23/480

(Turn Over)



- ২০। 'একেই কি বলে সভ্যতা?' প্রহসনে নবকুমার ব্যক্তিচরিত্র হলেও একটি শ্রেণির প্রতিনিধিত্ব করছে।" মন্তব্যটির যথার্থতা প্রতিপন্ন করো।
- ২১। 'একেই কি বলে সভ্যতা?' প্রহসনটির নামকরণের সার্থকতা বিচার করো।
- ২২। 'নীলদর্পণ' নাটকের নবীনমাধব চরিত্রটি সংক্ষেপে বিশ্লেষণ করো।
- ২৩। 'নীলদর্পণ' নাটকে সমকালীন বাংলার সমাজ-ব্যবস্থার যে চিত্র ফুটে উঠেছে তা সংক্ষেপে আলোচনা করো।
- ২৪। কাব্যনাট্য হিসেবে 'বিসর্জন'-এর সার্থকতা বিচার করো।
- ২৫। 'বিসর্জন' নাটকের জয়সিংহ চরিত্রটি বিশ্লেষণ করো।
